

# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 16 April, 2025

ক্রাফট ইন্সট্রাক্টরদের ৩০ শতাংশ পদোন্নতির প্রতিবাদে ও ৬ দফা দাবিতে সংবাদ সম্মেলন করেছেন পাবনা পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা।

বুধবার (১৬ এপ্রিল) বিকালে পাবনা পলিটেকনিক ইনস্টিটিউটের কনফারেন্স রুমে কারিগরি ছাত্র আন্দোলন পাবনা জেলা শাখা এ সংবাদ সম্মেলনের আয়োজন করে।

এ সময় উপস্থিত ছিলেন কারিগরি ছাত্র আন্দোলনের প্রতিনিধি জয় রহমান, সুমাইয়া খাতুন, আরিফ বিল্লাহ, সাকিব মাহমুদ প্রমুখ।

এ সময় বক্তারা বলেন, জুনিয়র ইন্সট্রাক্টর পদে অবিলম্বে ক্রাফট ইন্সট্রাক্টরদের ৩০% প্রমোশন কোটা বাতিল করতে হবে। একই সাথে জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) পদের শিক্ষাগত যোগ্যতা "ডিপ্লোমা প্রকৌশল ডিগ্রি থাকা, বাধ্যতামূলক করতে হবে।

এছাড়াও ক্রাফট ইন্সট্রাক্টর সহ দেশের কারিগরি সকল পদে কারিগরি শিক্ষায় শিক্ষিত জনবল নিয়োগ দেওয়া, পলিটেকনিক ইনস্টিটিউট শিক্ষার্থীদের জন্য সকল বিভাগীয় শহরগুলোতে প্রকৌশল বিশ্ববিদ্যালয় স্থাপন করা, কারিগরি শিক্ষা বৃদ্ধির লক্ষ্যে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক পদে ডিপ্লোমা প্রকৌশলীদের চাকরির আবেদনের সুযোগ বাস্তবায়ন করা এবং ডিপ্লোমা প্রকৌশলীদের জন্য প্রাইভেট সেক্টরে সর্বনিম্ন বেতন স্কেল নির্ধারণ করার দাবি জানানো হয়। দাবি পূরণ না হলে আরো কঠোর আন্দোলনের হুঁশিয়ারিও দেন শিক্ষার্থীরা।

৬ দফা পলিটেকনিক শিক্ষার্থী সংবাদ সম্মেলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:46

URL: <https://timestodaybd.com/rajshahi/927775807>